ডকুমেন্টেশন কেন্দ্র

21 APR 1989
পৃষ্ঠা... কলাম...

দৈনিক সংবাদ (ঢাকা)

014

## এইচএসসি পরীক্ষার সময়সূচী পরিবর্তনের দাবীতে স্মারকলিপি পেশ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আগামী এইচএসসি পরীক্ষার ঘোষিত সময়সূচী পরিবর্তন করে আগামী ২৩শে এপ্রিলের মধ্যে নতুন সময়সূচী ঘোষণার দাবীতে উচ্চ মাধ্যমিক ছাত্র আন্দোলন পরিষদ গতকাল বৃহস্পতিবার ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে স্মারকলিপি দিয়েছে।

পরিষদ সূত্রে বলা হয়, স্মারকলিপি দেয়ার সময় বোর্ডের সচিব তাদেরকে আশ্বাস দিয়ে বলেছেন, ঘোষিত সময়সূচী সম্পর্কে নতুন করে চিন্তাভাবনা করা হচ্ছে।

পরিষদের আহ্বানে এইচ এস

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

### এইচএসসি পরীক্ষা

(১ম পাতার পর)

সি পরীক্ষার্থীরা গতকাল বোর্ড অফিসের সামনে অবস্থান ধর্মঘটও পালন করে। এ সময় সেখানে পরিষদের আহ্বায়ক সরদার রাশেদ জাহাঙ্গীর শুভ'র সভাপতিত্বে অনুষ্ঠিত এক সংক্ষিপ্ত সভায় বলা হয়, নির্ধারিত সময় সীমার মধ্যে পরিবর্তিত রুটিন পরিবর্তন করা না হলে আন্দোলন আরো তীব্র করা হবে।

স্মারকলিপিতে বর্তমান রুটিনকে অপরিকল্পিত বলে উল্লেখ করে এর সপক্ষে ৩টি কারণ দেখানো হয়। উল্লেখ্য ঘোষিত রুটিনে বিভিন্ন বিষয়ের পরীক্ষাগুলো প্রায় বিরতিবিহীনভাবে নেয়ার ব্যবস্থা করা হয়েছে।